# উপজেলা পরিষদ কার্যালয়

তালতলী, বরগুনা।

## তালতলী উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা নম্বর | ঃ | ২৩ |
| সভার তারিখ ও সময় | ঃ | ২২/০৯/২০২১ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভাপতি | ঃ | মোঃ রেজবি-উল-কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা। |
| সদস্যবৃন্দের উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালতলী লুৎফুল কবির মোঃ কামরুল হাসান ০৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে উপজেলা চেয়ারম্যান, তালতলী এর মাতা ফাতেমা বেগম মৃত্যুবরণ করায় শোক প্রস্তাব উত্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে সভায় শোক প্রস্তাব গৃহীত হয়। মরহুমার রুহের মাগফেরাতের জন্য দোয়া ও সম্মানে ০১ (এক) মিনিট নিরাবতা পালন করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতীক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিভাগ ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানানো হয় এবং নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, তালতলী হাট বাজারের গরু ব্যবসায়ীদের জন্য নির্ধারিত কোন স্থান নেই। গরু কেনা বেচার জন্য একটি নির্ধারিত স্থান প্রয়োজন। | তালতলী বাজারের ওয়াপদা রাস্তার পশ্চিম পাশে পুরাতন কাঠ বাজারটি পরিত্যক্ত অবস্থায় আছে। উক্ত স্থানটি গরু বাজারের জন্য নির্ধারণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **ইউনিয়ন পরিষদঃ**<br>(ক) চেয়ারম্যান, পঁচাকোড়ালিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার ইউনিয়ন সম্পর্কে আলোচনা করা সম্ভাব হয়নি।<br>(খ) চেয়ারম্যান, ছোটবগী ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার ইউনিয়ন সম্পর্কে আলোচনা করা সম্ভাব হয়নি।<br>(গ) চেয়ারম্যান, কড়ইবাড়ীয়া ইউনিয়ন পরিষদ বলেন, তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক।<br>(ঘ) চেয়ারম্যান, শারিকখালী ইউনিয়ন পরিষদ বলেন, তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক।<br>(ঙ) চেয়ারম্যান, বড়বগী ইউনিয়ন পরিষদ বলেন, তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক।<br>(চ) চেয়ারম্যান, নিশানবাড়ীয়া ইউনিয়ন পরিষদ বলেন, তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক। | (ক) পরবর্তী সভায় চেয়ারম্যান, পঁচাকোড়ালিয়া ইউনিয়ন পরিষদকে উপস্থিত না থাকার কারণ ব্যাখ্যা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) পরবর্তী সভায় চেয়ারম্যান, ছোটবগী ইউনিয়ন পরিষদকে উপস্থিত না থাকার কারণ ব্যাখ্যা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কড়ইবাড়ীয়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) শারিকখালী ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) বড়বগী ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) নিশানবাড়ীয়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | (ছ) চেয়ারম্যান, সোনাকাটা ইউনিয়ন পরিষদ বলেন, তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক। | (ছ) সোনাকাটা ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা/ তার প্রতিনিধিকে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। | কৃষি বিভাগ কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা বলেন, উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য দপ্তর ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | মৎস্য বিভাগ কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মতে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। কেন্দ্রীয় সিদ্ধান্তমতে স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। | কেন্দ্রীয় সিদ্ধান্তমতে স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়গুলোর শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ শিক্ষা অফিসার |
| ০৮ | উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ উপজেলা প্রকৌশলী বলেন, এলজিইডির আওতায় আই বি আর পি প্রকল্পের অধীনে অত্র উপজেলায় মোট ৬টি ব্রীজের মধ্যে ১টি ব্রীজের কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং ৫টি ব্রীজের কাজ চলমান রয়েছে। প্রস্তাবিত ঐ সকল ব্রীজের স্থানে বিদ্যমান পুরাতন জরাজীণ লোহার পুলের মালামাল প্রকল্প সাইটে মজুদ করে রাখা ছিল যা উপজেলা পরিষদের নিকট হস্তান্তর করার নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদের সম্মতিক্রমে উক্ত মালামাল সংশ্লিষ্ঠ ইউপি চেয়ারম্যান গনের নিকট হস্তান্তর করা হয়েছে। | চেয়ারম্যানগণ উক্ত মালামাল দ্বারা স্ব-স্ব ইউনিয়নে প্রয়োজন থাকলে এডিপি এর ছোটখাট প্রকল্পে স্যালভেজ হিসেবে ব্যবহার করতে পারেন এই মর্মে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। যদি ব্যবহারের উপযোগিতা না থাকলে বিধি মোতাবেক টেন্ডারের মাধ্যমে বিক্রি করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বর্তমানে ২টি ব্রীজের সাইট থেকে প্রাপ্ত মালামাল যথাক্রমে বড়বগী এবং ছোটবগী ইউপি চেয়ারম্যান মহোদয়গনকে তাদের ইউনিয়ন পরিষদে সংরক্ষনের জন্য ইতিমধ্যে হস্তান্তর করা হয়েছে। পর্যায়ক্রমে অবশিষ্ট ব্রীজ সাইট থেকে প্রাপ্ত মালামাল সংশ্লিষ্ট চেয়ারম্যান গনের নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প ২টি নিম্নরুপ ঃ<br>(ক) ঢাকা-কুয়াকাটা (RHD) কলাপাড়া ফেরিঘাট-তালতলী জিসি রোড ভায়া নিউপাড়া লঞ্চঘাট সড়কে ৫৪৩০.০০ মিঃ চেইনেজে ২০.০০ মিঃ আরসিসি গার্ডার ব্রীজ নির্মান কাজের স্থানে পুরাতন / জরাজীণ লোহার পুল থেকে প্রাপ্ত মালামাল (বড়বগী ইউনিয়ন)।<br>(খ)ঢাকা-কুয়াকাটা আরাএইচডি (চাকামাইয়া) বগীরহাট জিসি ভায়া কড়ইবাড়িয়া বাজার সড়কে ১৪৫৫০.০০মিঃ চেইনেজে ১৮.০০মিঃ আরসিসি গার্ডার ব্রজী নির্মান কাজ। (ছোটবগী ইউনিয়ন) | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো বলেন, স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহনকারী বীর মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন সড়কের নাম করন করার জন্য মন্ত্রনালয়ের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় তালিকাভূক্ত বীর মুক্তিযোদ্ধাদের নিকট থেকে ২টি রাস্তার নাম করনের জন্য আবেদনপত্র পাওয়া গিয়েছে।<br>(ক) বীর মুক্তিযোদ্ধা নজীর হোসেন পাটোয়ারীঃ কচুপাত্রা জিসি বগীরহাট জিসি ভায়া পঁচাকোড়ালিয়া বাজার সড়ক (আইডি নং-৫০৪৮৭২০০৫), তিনি উক্ত সড়কটি তাঁর নিজের নামে অর্থাৎ বীর মুক্তিযোদ্ধা নজীর হোসেন পাটয়ারী সড়ক এই নামে নাম করনের জন্য আবেদন করেন।<br>(খ) বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ নূরউদ্দিন আহমেদঃ পঁচাকোড়ালিয়া ইউপি চেয়ারম্যান হাট ভায়া পঁচাকোড়ালিয়া জিপিএস সড়ক (আইডি নং-৫০৪৮৭৩০৩২), তিনি উক্ত সড়কটি তাঁর নিজের নামে অর্থাৎ বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ নূরউদ্দিন আহমেদ সড়ক এই নামে নামকরণের জন্য আবেদন করেন। | বীর মুক্তিযোদ্ধারা মহান স্বাধীনতা যুদ্ধে অংশ গ্রহন করে দেশকে শত্রু মুক্ত করে দেশ স্বাধীন করেছেন। তাই তাঁদের অবদানের কৃতজ্ঞতা স্বরুপ তাঁদের নামে উল্লিখিত ২টি রাস্তার নাম করন করার সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা প্রকৌশলী বলেন, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ-বছরে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তমতে নিম্নলিখিত ৬টি উপ-প্রকল্পের প্রস্তাব পাওয়া গিয়াছে।<br>১. মোটর সাইকেল, সিএনজি চালিত অটোরিক্সা ও ইজি বাইক চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ।<br>২. ভূমি আইন ও ই-নামজারী সম্পর্কে উপজেলা পর্যায়ের বিভিন্ন পেশাজীবী, সাধারণ জনগণ এবং জন প্রতিনিধিদের সচেতনতা সৃষ্টি ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>৩. উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি বিষয়ের উপর প্রশিক্ষণ।<br>৪. উপজেলার বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা, জন প্রতিনিধি ও জনসাধারনের মধ্যে সাইবার নিরাপত্তা বিষয়ক কর্মশালা।<br>৫. বজ্রপাত, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, অগ্নিকান্ড ও ভূমিকম্প মোকাবেলায় করনীয় বিষয়ক স্কাউট/রোভার টিমের | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ-বছরে সক্ষমতা উন্নয়নের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির ৬টি উপ-প্রকল্পের প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | সদস্যদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>৬. মাধ্যমিক পর্যায়ের স্কুল/মাদ্রাসায় কর্মরত অফিস সহকারীদের কম্পিউটার বিষয়ে দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ।<br>এছাড়া বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচীর ২য় বরাদ্দ পাওয়া গিয়াছে। যা দ্বারা প্রকল্প গ্রহনের জন্য প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করা প্রয়োজন।<br>এছাড়া এলজিইডি এর স্বাভাবিক কার্যক্রম চলমান। | বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচীর বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহনের জন্য প্রকল্প বাছাই কমিটির সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এলজিইডি এর কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, কেন্দ্রীয় রুটিন মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। | কেন্দ্রীয় রুটিন মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ মাঃ শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ খাদ্য নিয়ন্ত্রক |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৪ | উপজেলা ত্রাণ শাখা ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২১-২২ অর্থ বছরে কাবিখা ও কাবিটা এর বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ বিভাজন করে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে। পত্রের বিভাজন মোতাবেক প্রকল্পের তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়।<br>এছাড়া তার অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। | ২০২১-২২ অর্থ বছরে কাবিখা ও কাবিটা এর বরাদ্দ মোতাবেক প্রকল্পের তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া<br>ত্রাণ শাখার কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ প্রকল্প বাঃ কর্মকর্তা |
| ১৫ | উপজেলা নির্বাচন অফিস ঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত না থাকায়, উক্ত দপ্তরের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উঃ নির্বাচন অফিসার |
| ১৬ | উপজেলা সমবায় অফিস ঃ উপজেলা সমবায় অফিসার বলেন, উক্ত অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। | উপজেলা সমবায় অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭ | বনবিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় বলেন, সোনাকাটা ইকোপার্কে দর্শনার্থীদের প্রবেশের জন্য একটি সাকো ছিলো। কিন্তু সাকোটি পুরাতন জরাজীর্ন ও ব্যবহার অনুপোযোগী হয়ে গেছে। পার্কে দর্শনার্থীদের প্রবেশের জন্য একটি নতুন সাকো প্রয়োজন।<br>এছাড়া তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | সোনাকাটা ইকোপার্কে দর্শনার্থীদের প্রবেশের জন্য একটি ব্রীজ নির্মান কাজ চলমান। সেহেতু এখন কোন সাকো নির্মান না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া বন বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, উক্ত অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। | উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার বলেন, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ আনসার ও ভিডিপি অফিসার |
| ২০ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ উপ-সহকারী প্রকৌশলী বলেন, তার অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর এর কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহঃ প্রকৌঃ জনস্বাস্থ্য প্রকৌঃ দপ্তর। |
| ২১ | উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ঃ সহকারী প্রোগ্রামার বলেন, তার অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। এছাড়া এ উপজেলায় সকল দপ্তরে ওয়েব পোর্টাল এর প্রশিক্ষণ হয়েছে। কিন্তু অদ্যবধি কিছু কিছু অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়নি। যে সকল দপ্তরে হালনাগাদ হয়নি সে সকল দপ্তর প্রধানকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার অনুরোধ করেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল দপ্তরে হালনাগাদ হয়নি সে সকল দপ্তর প্রধান ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, তালতলী |
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ উপজেলা সমন্বয়কারী (ভারপ্রাপ্ত) বলেন, তার অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান। | আমার বাড়ি আমার খামার প্রকল্প এর কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী |
| ২৩ | উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর রুমের ভিতরের দেয়াল লবনাক্ত আবহাওয়ার জন্য প্রায় স্থানেরই প্লাস্টার নষ্ট হয়ে গেছে। তার রুমের দেয়ালে টাইলস স্থাপন করা প্রয়োজন।<br><br>তিনি আরও বলেন, আমতলী উপজেলা সীমানার শেষে তালতলী উপজেলা প্রবেশ পথ কচুপাত্রা ব্রীজের আমতলীর পাড়ে তালতলী উপজেলার শুভেচ্ছা নাম ফলক এবং আমতলীস্থ মানিকঝুড়িতে তালতলী উপজেলায় প্রবেশের দিকনির্দেশক একটি ফলক স্থাপন করনে তালতলী উপজেলা পরিচিতি ও সৌন্দর্য বৃদ্ধি পাবে।<br>এছাড়া তালতলী উপজেলা পরিষদ সংলগ্ন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর সামনে সৌন্দর্য বর্ধনের জন্য দৃষ্টিনন্দন একটি মূর‌্যাল নির্মান করা যায়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুচ্ছেদ ৩(ক) মোতাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যানের রুমের দেয়ালে টাইলস স্থাপনের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কচুপাত্রা ব্রীজের আমতলীর পাড়ে একটি তালতলী উপজেলার শুভেচ্ছা নাম ফলক এবং আমতলীস্থ মানিঝুড়িতে তালতলী উপজেলায় প্রবেশের দিকনির্দেশক একটি ফলক নির্মাণ কাজের প্রাক্কলন আগামী ০১ (এক) মাসের মধ্যে উপজেলা প্রকৌশলী প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তালতলী উপজেলা পরিষদ সংলগ্ন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর সামনে সৌন্দর্য বর্ধনের জন্য দৃষ্টিনন্দন একটি মূর‌্যাল নির্মাণ কাজের প্রয়োজনীয় ব্যবস্থা উপজেলা প্রকৌশলী গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪ | জনাব নাজনীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদে ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয়ের জন্য রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুচ্ছেদ ৩(ছ) মোতাবেক উপজেলা পরিষদে ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | বিবিধ :<br>জনাব মোস্তাফিজুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী ধারাবাহিকভাবে নিম্নোরূপ আলোচনা করেন-<br>ক) উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের আপ্যায়ন ৩০,০০০/- টাকা ও আনুষঙ্গিক ৫০০০/- টাকা এবং সেপ্টেম্বর-২০২১ মাসের আপ্যায়ন ৩০,০০০/- টাকা ও আনুষঙ্গিক ৫০০০/- টাকা ব্যয় হয়েছে।<br>খ) অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত খাতে ২৫,০০০/- টাকা ব্যয় করা হয়েছে।<br>গ) উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই-২০২১, আগস্ট-২০২১ ও সেপ্টেম্বর-২০২১ মাসের জ্বালানী তৈল বাবদ ৭৪,৬৫৫/- (চুয়াত্তর হাজার ছয়শত পঞ্চান্ন) টাকার ব্যয় করা হয়েছে। | ক) সেপ্টেম্বর-২০২১ মাসের আপ্যায়ন ৩০,০০০/- টাকা ও আনুষঙ্গিক ৫০০০/- টাকা এবং সেপ্টেম্বর-২০২১ মাসের আপ্যায়ন ৩০,০০০/- টাকা ও আনুষঙ্গিক ৫০০০/- টাকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত খাতে ব্যয়িত ২৫,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৭৪,৬৫৫/- (চুয়াত্তর হাজার ছয়শত পঞ্চান্ন) পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৯/২১

(মোঃ রেজবি-উল-কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তালতলী, বরগুনা।
মোবাইল নং ০১৭১১-৯৭৯০৯৫
ই-মেইল: uzptaltali@gmail.com

স্মারক নং ০৫.১০.০৪৯০.০০০.৪৬.০০৭.১৯-৫৬৯

তারিখ ঃ ২২.০৯.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০৯-বরগুনা-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা প্রশাসক, বরগুনা।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
০৬। জনাব মোস্তাফিজুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
০৭। জনাব নাজনীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
০৮। উপজেলা ............................ কর্মকর্তা, তালতলী, বরগুনা।
০৯। চেয়ারম্যান, পঁচাকোড়ালিয়া/ছোটবগী/কড়ইবাড়ীয়া/শারিকখালী/বড়বগী/নিশানবাড়ীয়া ও সোনাকাটা ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা।
১০। জনাব ..................................................................................................................................।
১১। অফিস কপি।

২২/০৯/২০২১

(মোঃ কাওছার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
তালতলী, বরগুনা।
মোবাইল নং ০১৭৩৩৩৪৮০২৭
ই-মেইল : unotaltoli@mopa.gov.bd